

জিলা পরিষদ, বর্ধমান

বাস্তুকার বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পোস্ট ও জেলা- বর্ধমান পিন কোড-৭১৩৭০১

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা : -ডি ই/টোল/১১০

তারিখ : ২০/০২/২০১৫

-ঃ নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়া পারাপার করা সম্পর্কিত টোল ট্যাক্স সংগ্রহের দরপত্র (সীল মোহর করা খামের মাধ্যমে):-

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, জিলা পরিষদ, বর্ধমান এর অধীন নিম্নলিখিত রাস্তায় জিলা পরিষদের অনুমোদিত দরে ৩ (তিন) বৎসরের জন্য নিজ খরচায় নিম্নস্বাক্ষরকারীর অনুমোদিত নক্সা অনুযায়ী অস্থায়ী সেতু নির্মাণ ও মেরামতি, রক্ষনাবেক্ষন সহ সেতুর উপর দিয়া ছোট ছোট যানবাহন, মানুষজন, গবাদি পশু ইত্যাদি দায়বদ্ধতার সঙ্গে পারাপার করার জন্য টোল আদায়ের ইজারা বন্দোবস্তের জন্য সীল করা খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। নিজ নিজ দরপত্রের জামিন জমা হিসাবে ১০,০০০ (দশ হাজার) টাকার ড্রাফট/পে অর্ডার/ ব্যাঙ্ক চেক সহ জেলা বাস্তুকার, জিলা পরিষদ, বর্ধমান এর অনুকূলে বর্ধমান ব্যাঙ্ক এর উপর প্রদেয় (District Engineer, Zilla Parishad, Burdwan, payable at Burdwan) ইং ১০/০৩/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪:৩০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের অর্ধেক টাকা ইং ১৬/০৩/২০১৫ (সোম বার) তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে। বাকি অর্ধেক টাকা কার্যাদেশ দেওয়ার তারিখ হতে অবশ্যই ৩ (তিন) মাসের মধ্যে জমা দিতে হইবে নচেৎ বিনা নোটিশে তার দেওয়া চুক্তিপত্র বাতিল বলিয়া গন্য হইবে এবং জিলা পরিষদ পুনরায় দরপত্র আহ্বান করিতে পারিবে। পরবর্তীকালেও ডাকে অনাদায়ী ব্যক্তি বা সংস্থার দেওয়া ডাক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। সকল ডাকদাতাকারীদের সংশ্লিষ্ট বিষয়ে বর্তমান অবস্থা এবং অবস্থান সম্পর্কে অবহিত হইয়া দরপত্র জমা দিতে হইবে। এ বিষয়ে পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না। এ প্রসঙ্গে আরও জ্ঞাত করা যাইতেছে যে, সর্বনিম্ন ডাক মূল্য প্রথম বছরের জন্য ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা পরবর্তী বছরের জন্য ৩৩,০০০/- (তেত্রিশ হাজার টাকা) ও তৃতীয় বছরের জন্য ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা। সর্বনিম্ন সংরক্ষিত মূল্যের কমে পাওয়া দরপত্র গৃহীত হইবে না। জেলা বাস্তুকার অফিসে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ১০/০৩/২০১৫ তারিখে বৈকাল ৫=০০ ঘটিকায় দরপত্র খোলা হইবে।

কার্যাদেশ প্রেরণের তারিখ হইতে ৭ দিনের মধ্যে জেলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হইয়া যাইবে, তৎসহ তাহার দেয় সমস্ত অর্থ বাজেয়াপ্ত হইবে।

সড়কের বিবরণ

:- গলসী-২ পঞ্চায়েত সমিতির এলাকায় 'কুড়কুবা তকিপুর (ভায়া বাহির ঘন্টা) সড়কের খরি নদীর উপর নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়া পারাপার করার জন্য টোলট্যাক্স আদায়'।

দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময় :- জেলা বাস্তুকার অফিস, জিলা পরিষদ, বর্ধমান, ১০/০৩/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪=৩০ ঘটিকা পর্যন্ত।

দরপত্র খোলার সময় :- ১০/০৩/২০১৫ বেলা ৫=০০ ঘটিকায়।

স্মারক সংখ্যা :- ডি ই/টোল/১১০/১০

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:- মাননীয় সভাপতি, জিলা পরিষদ, বর্ধমান / জিলা শাসক, বর্ধমান ও নির্বাহী আধিকারিক, জিলা পরিষদ, বর্ধমান / অতিরিক্ত নির্বাহী আধিকারিক, জিলা পরিষদ, বর্ধমান / আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, জিলা পরিষদ, বর্ধমান / কর্মাধ্যক্ষ, পূর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি, জিলা পরিষদ, বর্ধমান / শ্রীমতী সবিতা ঘুরুই(মাজি), সদস্য, বর্ধমান জিলা পরিষদ/সচিব, জিলা পরিষদ, বর্ধমান / মহকুমা শাসক, বর্ধমান উত্তর ও বর্ধমান দক্ষিণ/ নির্বাহী বাস্তুকার, পি এন্ড আর ডি, জিলা পরিষদ বর্ধমান / সভাপতি, গলসী -২/ ভাতার/ বর্ধমান-১/ আউসগ্রাম-১/ আউসগ্রাম-২, পঞ্চায়েত সমিতি / নির্বাহী আধিকারিক, গলসী -২/ ভাতার/ বর্ধমান-১/ আউসগ্রাম-১/ আউসগ্রাম-২, পঞ্চায়েত সমিতি / প্রধান, কুড়কুবা, বিলুগ্রাম, বাঘাড়-১ এবং ২ গ্রাম পঞ্চায়েত / সহ বাস্তুকার, বর্ধমান-১, ২, পি অ্যান্ড আর ডি, আসানসোল/ সহ বাস্তুকার, এস্টিমেট সেকসেন / অবর সহ বাস্তুকার, এস্টিমেট সেকসেন সহ সকল/ ডি এ, (বাস্তুকার বিভাগ)।

স্মারক সংখ্যা :- ১১১/টোল/১১০/১০/২

প্রতিলিপি উপসচিব/ডি.আই.ও., জিলা পরিষদ, বর্ধমান, মহাশয়কে ওয়েব সাইটে <http://www.bardhaman.nic.in/> <http://www.burdwanzp.org> প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

জিলা বাস্তুকার
বর্ধমান
তারিখ :- ২০/০২/১৫

জিলা বাস্তুকার
বর্ধমান
তারিখ :- ২০/০২/১৫

জিলা বাস্তুকার
বর্ধমান
তারিখ :- ২০/০২/১৫